# Times Today BD

বিনোদন ডেস্ক | বিনোদন | 24 June, 2025

এক সময় টলিউডের সফল বাণিজ্যিক ছবির নির্মাতা হিসেবে সুপরিচিত ছিলেন রাজীব বিশ্বাস। তার পরিচালনায় নির্মিত ১৮টি ছবির মধ্যে ১৬টিই বক্স অফিসে হিট ছিল, যার মধ্যে বেশ কয়েকটি ছবিতে মুখ্য ভূমিকায় ছিলেন অভিনেত্রী ও তাঁর প্রাক্তন স্ত্রী শ্রাবন্তী চট্টোপাধ্যায়।তবে সময়ের স্রোতে রাজীব হারিয়ে গিয়েছিলেন টলিউড থেকে, বিশেষ করে ২০২২ সালের পর আর দেখা যায়নি তাকে কলকাতার সিনেমা জগতে।

সম্প্রতি পরিচালক সায়ন্তন ঘোষালের ‘রবীন্দ্র কাব্য রহস্য’ ছবির এক বিশেষ প্রদর্শনীতে হাজির হয়ে আবারো শিরোনামে এলেন রাজীব।জানালেন, "পর পর দুটো বড় বাজেটের ছবির কাজ করছিলাম – ‘অপারেশন জ্যাকপট’ ও ‘চিতা’।কিন্তু বাংলাদেশের রাজনৈতিক ও অর্থনৈতিক অস্থিরতার কারণে শুটিং বন্ধ হয়ে গেছে।আপাতত কলকাতায় ফিরে এসেছি।”

বাংলাদেশে যাত্রা ও স্থবিরতা

২০১৮ সালে রাজীব পাড়ি জমান বাংলাদেশে।শাকিব খান অভিনীত ‘নাকাব’ ছবির সাফল্য তাঁকে নতুন সম্ভাবনার দরজা খুলে দেয়।এরপরই তিনি যুক্ত হন মুক্তিযুদ্ধভিত্তিক ‘অপারেশন জ্যাকপট’ এবং অনন্ত জলিল ও বর্ষা জুটির ‘চিতা’ ছবির নির্মাণে।কিন্তু বাস্তবতা ভিন্ন। রাজনৈতিক জটিলতা, ভিসা সমস্যা ও আর্থিক অনিশ্চয়তা–সব মিলিয়ে থেমে যায় দুই প্রকল্পই।

রাজীব বলেন, “বাংলাদেশে সিনেমা এখন কম হচ্ছে।নাটক হচ্ছে, কিন্তু আগের মতো গতি

নেই।একমাত্র শাকিব খান এখনও তার অবস্থান ধরে রেখেছেন।নতুন কেউ বাণিজ্যিকভাবে তার জায়গা নিতে পারেনি।"

টলিউডে নতুন শুরু

কয়েক বছর বিরতির পর আবারো নিজের জায়গায় ফেরার স্বপ্ন দেখছেন রাজীব।জানালেন, "দেবের 'খাদান' ছবির সাফল্য আমাকে আত্মবিশ্বাস দিয়েছে।মনে হচ্ছে, আবারও সময় এসেছে বাণিজ্যিক ছবি নিয়ে মাঠে নামার।"

তিনি আরও বলেন, "দেবের মতো তারকা যখন আর্ট ফিল্মে চলে গেল, তখন বুঝেছিলাম, বাণিজ্যিক ছবির বাজার সংকুচিত হয়ে যাচ্ছে।কিন্তু এখন প্রেক্ষাপট বদলাচ্ছে।"

একজন লড়াকু নির্মাতা

ব্যক্তিজীবনে উত্থান-পতন, পেশাগত জীবনে স্থবিরতা–সবকিছু ছাপিয়ে পরিচালক রাজীব বিশ্বাস যেন লড়াকু একজন চলচ্চিত্র সৈনিক। এখনও আত্মবিশ্বাস হারাননি, বরং বলছেন, "দ্বিতীয় ইনিংস শুরু করতে চাই।ভালো ছবি, বড় প্রযোজক–সবই আবার আসবে।শুধু সময়ের অপেক্ষা।"

শাকিব খান রাজীব বিশ্বাস শ্রাবন্তী চট্টোপাধ্যায় টলিউড নাকাব অপারেশন জ্যাকপট সিনেমা

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 26 June, 2025 21:14

URL: https://www.timestodaybd.com/public/entertainment/3618775807